✦ ✦ ✦

# বাড়ি ভাড়ার চুক্তিপত্র

HOUSE RENT AGREEMENT

---

এই চুক্তিপত্র আজ ১লা জুন ২০২৬ তারিখে নিম্নলিখিত পক্ষদ্বয়ের মধ্যে স্বেচ্ছায় ও সুস্থ মস্তিস্কে সম্পাদিত হইল।

## প্রথম পক্ষ (বাড়ির মালিক)

| | |
|---|---|
| নাম | : শ্রী অনিরুদ্ধ সরকার |
| পিতার নাম | : শ্রী সুকোমল সরকার |
| ঠিকানা | : ২, কলেজ স্ট্রিট, কৃষ্ণনগর, নদীয়া |

*এতদ্বারা "**প্রথম পক্ষ**" নামে অভিহিত হইবেন।*

## দ্বিতীয় পক্ষ (ভাড়াটিয়া)

| | |
|---|---|
| নাম | : শ্রী দুর্গাপ্রসাদ অধিকারী |
| মাতার নাম | : শ্রীমতী অঞ্জলী অধিকারী |
| আধার নং | : XXXX XXXX 0674 |
| বর্তমান ঠিকানা | : ____________________ |

*এতদ্বারা "**দ্বিতীয় পক্ষ**" নামে অভিহিত হইবেন।*

## ভাড়াকৃত বাড়ির বিবরণ

| | |
|---|---|
| ঘরের সংখ্যা | : ৩ (তিন) টি |
| রান্নাঘর | : ১ (এক) টি |
| বাথরুম / পায়খানা | : ১ (এক) টি |
| ঠিকানা | : গ্রাউন্ড ফ্লোর, ২, কলেজ স্ট্রিট, কৃষ্ণনগর, নদীয়া |

## ভাড়ার পরিমাণ

**₹ ৪,০০০/-**

(কথায় : চার হাজার টাকা মাত্র)

*বিদ্যুৎ বিল / জল বিল / অন্যান্য ব্যবহারজনিত চার্জ আলাদাভাবে দ্বিতীয় পক্ষ পরিশোধ করিবেন।*

## শর্তাবলী

১। এই চুক্তির মেয়াদ ১১ (এগারো) মাস, অর্থাৎ ০১/০৬/২০২৬ হইতে ৩০/০৪/২০২৭ পর্যন্ত বলবৎ

থাকিবে।

২ । উভয় পক্ষের সম্মতিতে চুক্তির মেয়াদ পুনর্নবীকরণ (Renewal) করা যাইবে।

৩ । চুক্তি নবায়ন বা বাতিল করিবার জন্য যে কোনো পক্ষ অপর পক্ষকে ন্যূনতম **৩ (তিন) মাস** পূর্বে লিখিত নোটিশ প্রদান করিবেন।

৪ । দ্বিতীয় পক্ষ প্রতি মাসের ভাড়া চলতি মাসের **৫ (পাঁচ) তারিখের** মধ্যে প্রদান করিতে বাধ্য থাকিবেন।

৫ । দ্বিতীয় পক্ষ ভাড়াকৃত বাড়ি শুধুমাত্র বসবাসের উদ্দেশ্যে ব্যবহার করিবেন। কোনো প্রকার বেআইনি বা সমাজবিরোধী কার্যকলাপ করিতে পারিবেন না।

৬ । প্রথম পক্ষের লিখিত অনুমতি ব্যতীত দ্বিতীয় পক্ষ বাড়ির কোনো কাঠামোগত পরিবর্তন, ভাঙচুর বা অতিরিক্ত নির্মাণ করিতে পারিবেন না।

৭ । দ্বিতীয় পক্ষ বাড়ির যাবতীয় আসবাব, বৈদ্যুতিক সংযোগ, জল লাইন ইত্যাদি যত্নসহকারে ব্যবহার ও সংরক্ষণ করিবেন।

৮ । বিদ্যুৎ, জল, ইন্টারনেট বা অন্যান্য ব্যবহারজনিত বিল দ্বিতীয় পক্ষ নিজ দায়িত্বে নিয়মিত পরিশোধ করিবেন।

৯ । পরপর **২ (দুই) মাস** ভাড়া বকেয়া থাকিলে প্রথম পক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

১০ ।দ্বিতীয় পক্ষ বাড়ি ত্যাগ করার সময় বাড়ি স্বাভাবিক অবস্থায় প্রথম পক্ষের নিকট বুঝাইয়া দিবেন।

১১ ।এই চুক্তির কোনো শর্ত ভঙ্গ হইলে প্রথম পক্ষ আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

> উভয় পক্ষ স্বেচ্ছায়, সুস্থ মস্তিস্কে এবং কোনো প্রকার চাপ ব্যতিরেকে এই চুক্তিপত্র পাঠ করিয়া বুঝিয়া স্বাক্ষর করিলেন।

**তারিখ :** ১লা জুন ২০২৬ **স্থান :** কৃষ্ণনগর, নদীয়া

| প্রথম পক্ষের স্বাক্ষর | দ্বিতীয় পক্ষের স্বাক্ষর |
| --- | --- |
| শ্রী অনিরুদ্ধ সরকার | শ্রী দুর্গাপ্রসাদ অধিকারী |
| ________________ (স্বাক্ষর) | ________________ (স্বাক্ষর) |
| ________________ তারিখ | ________________ তারিখ |

## সাক্ষীগণের স্বাক্ষর

| ১ম সাক্ষী | ২য় সাক্ষী |
| --- | --- |
| ________________ | ________________ |
| নাম : ________________ | নাম : ________________ |
| ঠিকানা : ________________ | ঠিকানা : ________________ |
| তারিখ : ________________ | তারিখ : ________________ |

এই চুক্তিপত্র দুইটি কপিতে তৈরি করা হইয়াছে — প্রতিটি পক্ষ একটি করিয়া কপি সংরক্ষণ করিবেন।